

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৪. আল্লাহ ছাড়া অন্য কারও বা কিছু উদ্দেশ্যে ইলম অন্বেষণকারীর নিন্দা

بَابُ: التَّوْبِيخِ لِمَنْ يَطْلُبُ الْعِلْمَ لِغَيْرِ اللَّهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو عُبَيْدٍ الْقَاسِمُ بْنُ سَلَامٍ، حَدَّثَنَا أَبُو إِسْمَاعِيلَ هُوَ إِبْرَاهِيمُ بْنُ سُلَيْمَانَ الْمُؤَدِّبُ، عَنْ عَاصِمِ الْأَحْوَلِ، عَنْ مَنْ حَدَّثَهُ، عَنْ أَبِي وَائِلٍ، عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: " مَنْ طَلَبَ الْعِلْمَ لِأَرْبَعٍ، دَخَلَ النَّارَ - أَوْ نَحْوَ هَذِهِ الْكَلِمَةِ - : لِيُبَاهِيَ بِهِ الْعُلَمَاءَ. أَوْ لِيُمَارِيَ بِهِ السُّفَهَاءَ، أَوْ لِيَصْرِفَ بِهِ وُجُوهَ النَّاسِ إِلَيْهِ، أَوْ لِيَأْخُذَ بِهِ مِنَ الْأَمْرَاءِ

إِسْنَادُهُ ضَعِيفٌ فِيهِ جِهَالَةٌ وَهُوَ مَوْقُوفٌ عَلَى عَبْدِ اللَّهِ

বাংলা

৩৭৯. আবু ওয়াইল আব্দুল্লাহ (ইবনু মাসউদ) রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণনা করেন, তিনি বলেছেন: যে ব্যক্তি চার উদ্দেশ্যের কোনো একটি উদ্দেশ্যে ইলম শিক্ষা করবে, সে জাহান্নামে যাবে,- অথবা তিনি অনুরূপ কথা বলেছেন। যথা: তা (অর্জিত ইলম) দ্বারা আলিমদের সাথে প্রতিযোগিতা করার উদ্দেশ্যে, কিংবা তা দ্বারা জাহিলদের (মুর্খদের) সাথে তর্ক-বিতর্ক করার উদ্দেশ্যে, কিংবা এর মাধ্যমে লোকদের মনোযোগ নিজের দিকে আকৃষ্ট করার উদ্দেশ্যে, কিংবা আমীর-উমারাদের (শাসকদের) নিকট হতে কিছু (হাদীয়া) লাভের উদ্দেশ্যে।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যযীফ। এতে অজ্ঞাত পরিচয় রাবী রয়েছে। আর তা আব্দুল্লাহ'র উপর মাওকুফ (তার বক্তব্য) হিসেবে বর্ণিত। দেখুন মাতালিবুল আলিয়া, নং ৩০২৮।

এর শাহিদ হাদীস রয়েছে যা আমরা মাজমাউয যাওয়াইদ নং ৮৭৫-৮৭৮ এ তাখরীজ করেছি। আরও দেখুন পরবর্তী ৩৮৫, ৩৮৬ নং হাদীস দু'টি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69690>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন